**আকাশবাণী শিলচর**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**EVENING NEWS BULLETIN**

**BENGALI**

**01 MARCH 2025** **7:45—7:55 PM IST**

===========================================================

১) মণিপুরের নিরাপত্তা সম্পর্কে কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রীর পৌরহিত্যে নতুনদিল্লীতে উচ্চ পর্যায়ের বৈঠক ।

২) ২০৩০ সালের মধ্যে ১০ লক্ষ কোটি টাকার অর্থনীতির রাজ্য হিসেবে পরিগণিত হোয়ার জন্য রাজ্য সরকারের লক্ষ্য নির্ধারণ ।

৩) কেন্দ্রীয় সরকার কৃষি ক্ষেত্রের উন্নয়ন ও গ্রামাঞ্চলের সমৃদ্ধির লক্ষে উপনীত হোয়ার দিকে অগ্রসর হচ্ছে বলে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর প্রকাশ ।

এবং

৪) কাছাড় পুলিশের গতকাল রাতে শিলডুবি এলাকায় চালানো এক অভিযানে ২ কোটি ২০ লক্ষ টাকা বাজার মূল্যের হেরোইন বাজেয়াপ্ত ।

-----------------------------------------------------------------------------------

মণিপুরের নিরাপত্তা ব্যবস্থা নিয়ে নতুনদিল্লীতে কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহের পৌরহিত্যে এক উচ্চস্তরীয় বৈঠক অনুষ্ঠিত হয় । বৈঠকে শ্রী শাহ আগামী ৮ ই মার্চের মধ্যে রাজ্যের সব সড়কে জনসাধারণের বাধাহীনভাবে আসা যাওয়া নিশ্চিত করতে নির্দেশ দেওয়া ছাড়া ও মুক্ত আসা যাওয়ার ক্ষেত্রে বাধা সৃষ্টি করা সকলের বিরুদ্ধে বিহিত ব্যবস্থা গ্রহণ করতে তিনি নির্দেশ দেন ।বৈঠকে মণিপুরের আর্ন্তজাতিক সীমান্তের প্রবেশ পথের উভয় দিকে বেরা তৈরীর ও তিনি নির্দেশ দেন । শ্রী শাহ বলেন যে মণিপুরে শান্তি ফিরিয়ে আনতে নরেন্দ্র মোদী সরকার প্রতিশ্রুতিবদ্ধ । কেন্দ্রীয় সরকার রাজ্যের জনসাধারণকে প্রয়োজনীয় সব ধরণের সহায়তা প্রদান করবে বলে তিনি মন্তব্য

করেন ।মণিপুরকে মাদকদ্রব্য মুক্ত করার জন্য নেশাজাতীয় সামগ্রীর সরবরাহ সম্পূর্নভাবে উৎখাত করতে তিনি আধিকারিকদের নির্দেশ দেন । মণিপুরের রাজ্যপাল অজয় কুমার ভাল্লা , গৃহ সচিব গোবিন্দ মোহন সহ তদন্তকারী সংস্থার শীর্ষ আধিকারিকরা এই বৈঠকে উপস্থিত ছিলেন । উল্লেখ্য রাষ্ট্রপতি শাসন বলবৎ হোয়ার পর এটি মণিপুরে প্রথম উচ্চস্তরীয় বৈঠক ।

-----------------------------------------------------------------------------------

রাজ্য সরকার ২০৩০ সালের মধ্যে ১০ লক্ষ কোটি টাকার অর্থনীতি রাজ্য হিসেবে উপনীত হোয়ার লক্ষ্য নির্ধারণ করেছে । মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা এসম্পর্কে সামাজিক মাধ্যমে এক বার্তায় বলেন যে আসামে এবছর ৬ লক্ষ কোটি টাকার জি এস ডি পি প্রাপ্ত করার দিকে আন্তরিকতার সংগে কাজ করে থাকা সহ অর্থনীতিকে এগিয়ে নিয়ে যাওয়ার ক্ষেত্রে পরিকল্পনা প্রস্তুত করা হয়েছে । তিনি আসাম বাজেট ২০২৫ সম্পর্কে আলোচনা করতে এক গুরুত্বপূর্ন বৈঠকে ও অংশ গ্রহণ করেন ।

-----------------------------------------------------------------------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন কেন্দ্রীয় সরকার কৃষি ক্ষেত্রের উন্নয়ন এবং গ্রামাঞ্চলের সমৃদ্ধির লক্ষ্যে উপনীত হওয়ার দিকে অগ্রসর হচ্ছে । কৃষি এবং গ্রামাঞ্চলের সমৃদ্ধি সম্পর্কীত এক বাজেট পরবর্তী ওয়েবিনারে ভাষণ দিয়ে শ্রী মোদী বলেন উন্নত ভারতের লক্ষ্যে উপনীত হওয়ার ক্ষেত্রে দেশের দৃষ্টিভঙ্গী অত্যন্ত স্পষ্ট । কেন্দ্রীয় সরকার এমন এক ভারত গড়ে তোলার দিকে অগ্রসর হচ্ছে যেখানে কৃষকদের সমৃদ্ধি এবং সবলিকরণ নিশ্চিত বলে তিনি মন্তব্য করেন ।প্রধানমন্ত্রী কৃষক সম্মান নিধি যোজনার অধীনে ৩ লক্ষ ৭৫ হাজার কোটি টাকা প্রদান করা হয়েছে বলেও তিনি উল্লেখ করেন । সম্প্রতি দেশের কৃষি উৎপাদন রেকর্ড পর্যায়ে রয়েছে বলেও প্রধানমন্ত্রী মন্তব্য করেন ।

-----------------------------------------------------------------------------------

আসামের বিভিন্ন কারাগারে বন্দীত্বের জীবন কাটানো কারাবন্দীদের হয়ে আইনী লড়াই করার উদ্দেশ্যে ফরাম অব লিগেল এসিসটেন্ট ট্যু প্রিজনার্স আন্ডার ট্রায়েল শীর্ষক একটি স্বেচ্ছাসেবী সংগঠন গঠন করা হয় । গৌহাটী হাই কোর্টের আইনজীবি ড: রোমান শর্মা আজ গৌহাটী প্রেস ক্লাবে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে একথা ঘোষনা করেন ।ড: শর্মা বলেন যে সব নাগরিকের মানব অধিকার রক্ষা করে দীর্ঘদিন কারাবাসে থাকা কারাবন্দীদের মুক্ত জীবন যাপনের সুযোগ প্রদান করার জন্য এই ফোরাম গঠন করা হয়েছে । পরবর্তী পর্যায়ে আইনজীবিদের সহযোগীতায় আসামের সব জেলাতে ফোরামের কাজ কর্ম সম্প্রসারিত করা হবে বলে ড: শর্মা জানান ।

-----------------------------------------------------------------------------------

বন্যা ও নদীভাংগন সমস্যা সমাধানের লক্ষে মন্ত্রী পীযুষ হাজারিকা আজ জলসম্পদ বিভাগের আধিকারিক কর্মচারীদের সংগে এক বৈঠকে মিলিত হন । গৌহাটীর বশিষ্ঠ আসাম জল ভবনে আয়োজিত এক বৈঠকে প্রবীন আধিকারিক , ঠিকাদারদের সংগে বিভাগীয় কাজে জড়িত বেশ কয়েকজন অংশ নেন । বৈঠকে মন্ত্রী বন্যা ও নদীভাংগন ব্যবস্থাপনা কতৃপক্ষ আসামের অধীনে বিভিন্ন স্থানে চলা কাজ ও পরবর্তীদিনের জন্য গ্রহণ করা কাজগুলির খোজ নেন ।বৈঠকে বন্যা , নদীভাংগন প্রতিরোধী কাজগুলি সুষ্ঠুভাবে তথা শীঘ্র সম্পন্ন করা সম্পর্কে বৈঠকে আলোচনা করা হয় । এছাড়া বৈঠকে বন্যা , নদীভাংগন রোধের জন্য পর্যাপ্ত পরিমাণে জিও বেগ , পার্কুপাইন ইত্যাদি প্রয়োজনীয় সামগ্রীর সরবরাহ সম্পর্কে আলোচনা করা হয় । কাজ অব্যাহত থাকা স্থানে প্রয়োজনীয় সামগ্রীর যাতে অভাব নাহয় তার প্রতি লক্ষ্য রাখতে তিনি বাস্তুকার ও ঠিকাদারদের নির্দেশ দেন ।

--------------------------------------------------------------------------------

আগামীকাল থেকে ইসলাম ধর্মালম্বী লোকেদের মাসব্যাপী পবিত্র রমজান মাস আরম্ভ হবে । কেন্দ্রীয় হিলাল সমিতি আসামে ও আগামীকাল থেকে রমজানের প্রথম রোজা আরম্ভ হবে বলে জানিয়েছে । সমিতির সভাপতি ও সম্পাদক আমাদের সংবাদদাতাকে জানিয়েছেন যে গতকাল সন্ধ্যায় আসাম তথা দেশের অন্য প্রান্তে আকাশে রমজান মাসের চাদ দেখা না যাওয়ার পরিপ্রেক্ষিতে আগামীকাল রমজান মাস আরম্ভ হবে ।

এদিকে বরাক উপত্যকার তিন জেলায় ও রমজান মাস উপলক্ষে ইসলাম ধর্মালম্বী লোকেদের মধ্যে উৎসাহ উদ্দীপনা পরিলক্ষিত হচ্ছে । উপত্যকার হাট বাজারে ফল মূল খেজুর মিষ্টি সহ সুস্বাদু খাদ্য সামগ্রী ক্রয় করতে ইসলাম ধর্মালম্বী লোকেদের দেখা যাচ্ছে ।উল্লেখ্য রমজান মাস শেষ হোয়ার পর ঈদ - উল ফিতর উদযাপন করা হবে ।

--------------------------------------------------------------------------------

কাছাড় পুলিশ গতকাল রাতে এক মাদক বিরোধি অভিযান চালিয়ে শিলকুড়ির শিলডুবি এলাকায় একটি গাড়িতে তল্লাশি চালিয়ে ৪১৫ গ্রাম হেরোইন এবং নগদ ২ লক্ষ টাকা জব্দ করেছে ।এই ঘটনায় দুজন ড্রাগস পাচারকারীকেও আটক করা হয় ।আজ জেলার পুলিশ সুপার নোমাল মাহাতো পুলিশ সুপার কার্যালয়ে এক সাংবাদিক সম্মেলনে একথা জানিয়ে বলেন যে বাজেয়াপ্ত করা হেরোইনের বাজারমূল্য প্রায় ২ কোটি ২০ লক্ষ টাকা হবে ।তিনি আরো বলেন ---------------বাইট

--------------------------------------------------------------------------------

শিলচরের স্বাস্থ্যসেবার পরিকাঠামো উন্নত করার লক্ষ্যে আজ সতীন্দ্র মোহন দেব সিভিল হাসপাতালে অত্যাধুনিক রক্ত উপাদান বিভাজন ইউনিটের উদ্বোধন করা হয় । বিধায়ক দীপায়ন চক্রবর্তী এই ইউনিটের উদ্বোধন করে ভাষণ প্রসঙ্গে বলেন যে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মার নেতৃত্বে আসামের স্বাস্থ্য ক্ষেত্রে অভুতপূর্ব রূপান্তর ঘটেছে ।এই ইউনিট উন্নত ও সহজলভ্য চিকিৎসা পরিষেবা নিশ্চিত করবে বলে তিনি মন্তব্য করেন ।অনুষ্ঠানে  জেলা আয়ুক্ত মৃদুল যাদব , স্বাস্থ্য বিভাগের অতিরিক্ত আয়ুক্ত ডাঃ খালেদা সুলতানা প্রমুখ উপস্থিত ছিলেন ।

---------------------------------------------------------------------------------------

শিলচর আসাম বিশ্ববিদ্যালয়ে গত বৃহস্পতিবার থেকে দুদিনব্যাপী আয়োজিত তৃতীয় আন্তর্জাতিক সম্মেলনে কৃত্রিম বুদ্ধিমত্তা , কমপিউটিং এবং যোগাযোগ প্রযুক্তির অগ্রগতি সম্পর্কে আলোচনা অনুষ্ঠিত হয়েছে । অনুষ্ঠানে মুখ্য বক্তা হিসেবে উপস্থিত ছিলেন বিশিষ্ট শিক্ষাবিদ অধ্যাপক ভ্যালেনটিনা এমিলিয়া বালাস , অধ্যাপক ললিত মোহন পট্ট নায়েক এবং অধ্যাওপক ধ্রুব কুমার ভট্টাচার্য ।

---------------------------------------------------------------------------------------

শ্রীশ্রী রামকৃষ্ণ পরমহংস দেবের ১৯০ তম জন্মতিথি উপলক্ষে আজ শিলচর রামকৃষ্ণ মিশন সেবাশ্রমে বিশেষ পূজো , শ্রীশ্রী ঠাকুরের লীলাপ্রসঙ্গ পাঠ , ভজন কীর্তন ইত্যাদির আয়োজন করা হয় ।এ উপলক্ষে আজ সকাল থেকেই মিশন প্রাঙ্গনে ভক্তদের উপচে পড়া ভীড় পরিলক্ষিত হয় ।

---------------------------------------------------------------------------------------

লায়ন্স ক্লাব শিলচর সেন্ট্রালের উদ্যোগে আগামীকাল শিলচর নর্মাল স্কুলের মাঠে ২১ তম গণবিবাহের আয়োজন করা হয়েছে ।এবার বরাক উপত্যকার চাবাগান অঞ্চলের ১৩ জোড়া যুবক যুবতি পরিণয় সূত্রে আবদ্ধ হবেন ।

---------------------------------------------------------------------------------------

কাছাড় জেলার উধারবন্দ শিবেরবন্দ এলাকায় গতকাল রাতে সুব্রত দত্ত নামে একজন লোকের বাসগৃহে ডাকাতির ঘটনা সংঘঠিত হয় ।অঞ্চলটির গুয়াবারী রাস্তার পাশে থাকা এই বাসগৃহে গতকাল রাত প্রায় আড়াইটে নাগাদ পাঁচজনের ডাকাত দল অস্ত্রশস্ত্র সহ ঘরে প্রবেশ করে সোনার গয়না সহ নগদ অর্থ এবং অন্যান্য সামগ্রী লুট করে নিয়ে যায় ।ঘটনার খবর পেয়ে উধারবন্দ থানার ভারপ্রাপ্ত আধিকারীক এবং কুম্ভিরগ্রাম পুলিশ থানার ভারপ্রাপ্ত অধিকারীকের নেতৃত্বে পুলিশের দল ঘটনাস্থলে উপস্থিত হয়ে তদন্ত শুরু করেছে । তবে এখনো পর্যন্ত কাউকে গ্রেপ্তার করা হয়নি ।

---------------------------------------------------------------------------------------